গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.০৬.০০১.২০/ ৫৭০৬/৩ তারিখ: ১৫ ডিসেম্বর ২০২৫ খ্রি.

**বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম পরিচালনা করা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম একাডেমিক শিক্ষার পরিপূরক হিসেবে শিক্ষার্থীদের সামগ্রিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একাডেমিক কার্যক্রমের পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রমে অংশগ্রহণ করলে শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক বিকাশ নিশ্চিত হবে। সেই লক্ষ্যে মাউশির আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোল্লিখিত সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম;**

| ক) ক্রীড়া প্রতিযোগিতা: | খ) সহ-পাঠ্য | গ) সাংস্কৃতিক প্রতিযোগিতা |
|---|---|---|
| ১. ফুটবল<br>২. ভলিবল<br>৩. দাবা<br>৪. ক্রিকেট<br>৫. দৌড় | ১. বক্তৃতা (বাংলা ও ইংরেজি)<br>২. উপস্থিত বক্তৃতা<br>৩. বিতর্ক (বাংলা ও ইংরেজি)<br>৪. কুইজ<br>৫. দেয়ালিকা তৈরি | ১. কোরআন তেলাওয়াত<br>২.সঙ্গীতঃ হামদ ও নাত, নজরুল সঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, লোকগীতি<br>৩.আবৃত্তি<br>৪. একক অভিনয়<br>৫. নৃত্য<br>৬. গ্রাফিতি অঙ্কন |

সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম জানুয়ারি ২০২৬ হতে শুরু হয়ে সারা বছরই চলমান থাকবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে হাউজ ভিত্তিক (৪টি হাউজে) সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম নির্ধারিত ক্লাস রুটিনের সাথে সমন্বয় করে স্কুল ও কলেজে সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম গতিশীল করতে হবে।

সকল প্রতিষ্ঠান প্রধান উল্লিখিত সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করবেন। সহপাঠ্যক্রমিক কার্যক্রমের অংশ হিসেবে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বয়েজ স্কাউট, রোভার স্কাউট, গার্ল গাইডস, বিজ্ঞান ক্লাব, বির্তক ক্লাব, স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা ক্লাব ইত্যাদি কার্যক্রম পরিচালনায় যথাযথ গুরুত্ব দিতে হবে।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ একাডেমিক কার্যক্রমের সাথে সমন্বয় করে তার সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম এর একটি ক্যালেন্ডার ২৭/১২/২০২৫ খ্রি.তারিখের মধ্যে প্রণয়ন করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগ সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম সমূহ মনিটরিং করবে।

উল্লিখিত কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

০১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (আঞ্চলিক), অঞ্চল সকল।

০২। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।

০৩। জেলা শিক্ষা কর্মকর্তা, সকল।

<u>অনুলিপি: (সদয় অবগতির জন্য)</u>

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৩। অধ্যক্ষ (সকল), সরকারি/বেসরকারি কলেজ এবং স্কুল এন্ড কলেজ।
০৪। প্রধান শিক্ষক (সকল), সরকারি/বেসরকারি নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়।
০৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
০৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। সংরক্ষণ নথি।